গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৫.০০০০.০১১.৩১.০০১.২২-৫৮

তারিখ: ১৫ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
২৮-ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

**৫ম নিয়োগ বিজ্ঞপ্তির জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শূন্য পদের চাহিদা (ই-রিকুইজিশন) প্রদানের জন্য জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ (USEO) কর্তৃক করণীয় :**

জেলা শিক্ষা অফিসারগণ এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ (USEO) তার আওতাধীন এনটিআরসিএ এর রেজিস্ট্রেশনকৃত শিক্ষা প্রতিষ্ঠানের অধিযাচন (e-Requisition) সঠিকভাবে প্রদানের লক্ষ্যে ২৯.০২.২০২৪ তারিখের মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে শূন্য পদের চাহিদা প্রদান সংক্রান্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করবেন।

(ক) **সাধারণ নির্দেশনাবলীঃ**

১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ এবং কারিগরি ও মাদ্রাসা বিভাগ থেকে জারিকৃত জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২০২০ সালের ২৩ নভেম্বর পর্যন্ত সংশোধিত) এর প্যাটার্নভুক্ত পদে অধিযাচন/চাহিদা প্রদান করতে হবে।

২. যে সকল পদের অধিযাচন/চাহিদা প্রদান করা হবে তা শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সভায় অনুমোদিত হতে হবে। উক্ত অনুমোদনের স্মারক নম্বর ও তারিখ e- Requisition form এ উল্লেখ করতে হবে।

৩. ৫ম গণবিজ্ঞপ্তিতে শুধুমাত্র MPO ভুক্ত পদের চাহিদা প্রদান করা যাবে। Non-MPO কোন পদের চাহিদা গ্রহণযোগ্য হবে না।

৪. মহিলা শিক্ষা প্রতিষ্ঠানে শরীরচর্চা শিক্ষক পদে অধিযাচন প্রদানের সময় অবশ্যই উক্ত পদকে "Female Quota" হিসেবে উল্লেখ করতে হবে।

৫. শিক্ষা প্রতিষ্ঠানের ধরন (Institute Type) অনুযায়ী সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য, সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুসারে প্যাটার্নভুক্ত সকল পদের বিবরণ অনলাইনে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। উক্ত প্রদর্শিত পদ থেকে প্রতিষ্ঠান প্রধান শুধুমাত্র অনুমোদিত শূন্য পদগুলোর মধ্যে কাম্য সংখ্যক শিক্ষার্থী থাকলে চাহিদা/অধিযাচন প্রদান করবেন। **কোন পদ সংশ্লিষ্ট বিষয়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী না থাকলে চাহিদা/অধিযাচন প্রদান করা যাবে না।**

৬. চাহিদা/অধিযাচন প্রদানের সময় প্রতিটি প্রতিষ্ঠানের মহিলা কোটা যথাযথভাবে পূরণ করতে হবে। নতুবা নিয়োগ সুপারিশপ্রাপ্ত প্রার্থীদের MPO ভুক্তিতে জটিলতার সৃষ্টি হবে।

৭. জনবল কাঠামো ও MPO নীতিমালার প্যাটার্নভুক্ত কিছু পদ আছে যেগুলো শর্তসাপেক্ষে পূরণযোগ্য, যেমন-মন্ত্রণালয়ের অনুমোদন, নির্ধারিত ছাত্রসংখ্যা থাকা, ল্যাব চালু থাকা ইত্যাদি। এসকল ক্ষেত্রে কেবলমাত্র MPO নীতিমালার শর্ত পূরণ হলেই চাহিদা/অধিযাচন দেয়া যাবে।

৮. মামলাজনিত কারণে কোন পদে আদালতের নিষেধাজ্ঞা থাকলে কিংবা নিয়োগের স্থগিত আদেশ (Stay Order) থাকলে সে পদের চাহিদা/অধিযাচন প্রদান করা যাবে না।

৯. নির্দিষ্ট সময়ের মধ্যে চাহিদা/অধিযাচন (e- Requisition) একবার Submit হয়ে গেলে তা সংশোধন করতে জটিলতার সৃষ্টি হয়। তাই চাহিদা/অধিযাচন (e- Requisition) Submit করার পূর্বে সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী পদের প্রাপ্যতা ভালভাবে যাচাই বাছাই করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

১০. সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের পদ সংক্রান্ত বিষয়ে স্বচ্ছ ধারণা না থাকলে ই-রিকুইজিশন প্রদানের পূর্বে যে কোন অস্পষ্টতার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অথবা জেলা শিক্ষা অফিসার এর পরামর্শ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১১. অধিযাচনের (e-Requisition) সময় কোন ধরনের ভুল তথ্য প্রদান করা হলে তার দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে এবং জনবল কাঠামো ও এমপিও নীতিমালা অনুযায়ী তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) **অধিযাচন (e-Requisition) প্রদানের ধাপসমূহঃ**

১. e-Requisition ফরম পূরণ করার জন্য প্রতিষ্ঠান প্রধান http://ngi.teletalk.com.bd সাইটে সরাসরি প্রবেশ করে Recruitment Cycle-5 এ ক্লিক করার পর Institute's Section বক্সে ক্লিক করতে হবে। তারপর e-Requisition বক্সে ক্লিক করার পর Institute Log In করতে হবে। Institute Log In করার জন্য User ID ও Password দিয়ে Log In বাটনে ক্লিক করার পর Institute e-Requisition Form আসবে। অথবা এনটিআরসিএ-এর ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) প্রবেশ করে **ই-রিকুইজিশন** সেবাবক্স থেকে "ই-রিকুইজিশন লগইন" অপশন ক্লিক করবেন এবং প্রতিষ্ঠান প্রধান তার নিজস্ব আইডি এবং পাসওয়ার্ড দিয়ে ই-রিকুইজিশন প্লাটফর্মে লগইন করবেন।

২. GB/SMC/MMC Resolution No এর বক্সে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির সভার কার্যবিবরণী (Resolution) নম্বর এবং Date এর বক্সে সভার কার্যবিবরণীর (Resolution) তারিখ লিপিবদ্ধ করতে হবে।

৩. Total Approved Post এর বক্সে প্রতিষ্ঠানটির জন্য মোট অনুমোদিত এমপিওভুক্ত শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৪. No. of Working Male Teacher এর বক্সে মোট কর্মরত পুরুষ শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৫. No. of Working Female Teacher এর বক্সে মোট কর্মরত মহিলা শিক্ষকের সংখ্যা উল্লেখ করতে হবে।

৬. No. of Total MPO Vacant Post এর বক্সে এমপিওভুক্ত মোট শূন্য পদের সংখ্যা উল্লেখ করতে হবে।

৭. Requisition Post Details এর বক্সে Choose Post প্রদর্শিত হবে। Choose Post ক্লিক করে ড্রপ ডাউন মেনু থেকে শূন্য পদের নাম সিলেক্ট করতে হবে। যেমন-Assistant

Teacher, Lecturer, Trade Instructor, Demonstrator, Assistant Moulavi ইত্যাদি।

৮. Choose Subject ক্লিক করে ড্রপ ডাউন মেনু থেকে সংশ্লিষ্ট বিষয় সিলেক্ট করতে হবে। যেমন- Bengali, English, Biology, Physical Science, Arabic ইত্যাদি।

৯. Candidate Type এর ড্রপ ডাউন অপশনে ক্লিক করে General কিংবা Female Quota সিলেক্ট করতে হবে। যদি পদটি মহিলা কোটার অন্তর্ভুক্ত হয় তবে অবশ্যই Female Quota সিলেক্ট করতে হবে। পদটি সাধারণ কোটার অন্তর্ভুক্ত হলে General সিলেক্ট করতে হবে।

১০. Post Type এ গিয়ে ড্রপ ডাউন মেন্যু থেকে MPO পদের ক্ষেত্রে MPO পদ Select করতে হবে।

১১. এরপর সংশ্লিষ্ট পদের কাম্য সংখ্যক শিক্ষার্থী আছে কিনা এ বিষয়ে Yes অথবা No Select করতে হবে।

১২. শূন্য পদের অধিযাচন প্রদানের ক্ষেত্রে প্রথম পদের তথ্য প্রদানের পর পরের পদ অন্তর্ভুক্ত করার জন্য Add বাটনে ক্লিক করতে হবে। যেমন প্রথমবার Post এর নাম Assistant Teacher, Subject Bengali সিলেক্ট করার পর ২য় পদটি যোগ করার জন্য Add বাটনে ক্লিক করে Post এর নাম, Subject এর নাম ক্লিক করতে হবে। এভাবে যতটা শূন্য পদ ততবার Add বাটনে ক্লিক করে তা অন্তর্ভুক্ত করা যাবে।

১৩. ভুল পদ সিলেক্ট হয়ে গেলে Delete অপশন সিলেক্ট করে পুনরায় সংশোধন করতে হবে। অধিযাচনের ১ম পদটি Delete করতে হলে Edit অপশনে গিয়ে অধিযাচনের অন্য পদটি ১ম পদে রিসেট করে ১ম পদটি অন্য স্থানে বসাতে হবে। এরপর Delete করতে হবে।

১৪. পরিশেষে Save and Submit এ ক্লিক করে অধিযাচন (e-Requisition) প্রেরণ করতে হবে। তবে Submit এর আগে পূর্ববর্তী শূন্যপদের তালিকাটি ভালভাবে যাচাই করে নিতে হবে। Submit করার আগে Print অপশনে গিয়ে Print গ্রহণ করা যাবে।

১৫. **ফি জমা দেয়ার পদ্ধতিঃ**

(ক) টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোনের Message অপশনে গিয়ে NGI লিখে স্পেস দিয়ে Requisition ID লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণঃ NGI<space>REQUISITION ID টাইপ করে 16222 নম্বরে Send করুন।

ফিরতি SMS-এ একটি PIN কোড দিয়ে ই-রিকুইজিশন ফি হিসেবে ২০০/= (দুইশত) টাকা কেটে রাখার তথ্য দিয়ে সম্মতি চাওয়া হবে। সম্মতি দেয়ার জন্য নিম্নোক্তভাবে 16222 নম্বরে SMS পাঠাতে হবে।

(খ) Message অপশনে গিয়ে NGI লিখে স্পেস দিয়ে Yes লিখে স্পেস দিয়ে PIN নম্বর লিখে স্পেস দিয়ে ১১ ডিজিটের মোবাইল নম্বর লিখে 16222 নম্বরে SMS প্রেরণ করতে হবে।

উদাহরণঃ NGI<space>Yes<space>Pin number<space> Mobile Number টাইপ করে 16222 নম্বরে প্রেরণ করুন।

অধিযাচন ফি সঠিকভাবে প্রদান করার পর অধিযাচন কপি প্রিন্ট করতে হবে। **সেই কপিতে Paid লেখা থাকলে বুঝতে হবে আপনার অধিযাচন (ই-রিকুইজিশন) সঠিকভাবে গৃহীত হয়েছে।**

১৬. ফি জমাদানের পর Print অপশনে ক্লিক করে ই-রিকুইজিশনের একটি প্রিন্টেড কপি অফিস রেকর্ড হিসেবে ভালভাবে সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে নিয়োগ প্রাপ্ত শিক্ষকের MPOভুক্ত করানোর জন্য ই-রিকুইজিশনের কপি প্রয়োজন হবে।

১৭. ই-রিকুজিশান ফি জমা দানের পর শূন্য পদের চাহিদা সংশোধন করার আর কোন সুযোগ থাকবে না।

১৮. জেলা শিক্ষা অফিসার এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (USEO) তার আওতাধীন সকল প্রতিষ্ঠানের অধিযাচন (e-Requisition) ১৯.০৩.২০২৪ তারিখ থেকে ০৩.০৪.২০২৪ তারিখের মধ্যে প্রতিষ্ঠানভিত্তিক পদের প্রাপ্যতা ভালভাবে যাচাই করে দেখতে হবে।

১৯. MPO নীতিমালা অনুসারে কোন পদ প্রাপ্য না হলে অথবা মহিলা কোটা যথাযথভাবে পূর্ণ না হলে অথবা অনুমোদিত শূন্য পদগুলোর মধ্যে কাম্য সংখ্যক শিক্ষার্থী না থাকলে অধিযাচনটি (ই-রিকুইজিশন) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের দ্বারা সংশোধন করিয়ে তারপর Submit করতে হবে।

২০. জেলা শিক্ষা অফিসারের ওয়েব পোর্টালে ই-রিকুইজিশন সংশোধন করার পর প্রতিষ্ঠান প্রধানকে ই-রিকুইজিশনের একটি সংশোধিত কপি প্রিন্ট করে সংরক্ষণ করার জন্য নির্দেশনা দিতে হবে।

২১. জেলা শিক্ষা অফিসারগণ যাচাইকৃত অধিযাচন (e-Requisition) ০৪.০৪.২০২৪ তারিখের মধ্যে এনটিআরসিএ এর প্লাটফর্মে অনলাইনে submit করবেন।

২২. অধিযাচনের (e-Requisition) সময় কোন ধরনের ভুল তথ্য প্রদান করা হলে তার দায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উপর বর্তাবে এবং তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩. ই-রিকুইজিশন জনিত যে কোন ধরণের তথ্যের জন্য এনটিআরসিএ'র নিম্নোক্ত টেলিফোন/মোবাইল ফোনে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করা যাবে:

১। হটলাইনঃ ০১৬৩৫৪০৫৮০১;

২। সহকারী পরিচালক, (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-১), ফোনঃ ০২-৪১০৩০১৩২;

৩। সহকারী পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান-২), ফোনঃ ০২-৪১০৩০১৩১;

৪। উপপরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), ফোনঃ ০২-৪১০৩০১২৯;

৫। পরিচালক (শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান), ফোনঃ ০২-৪১০৩০১২১।

28/02/2024

(মুহাম্মদ নুরে আলম সিদ্দিকী )
সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান
এনটিআরসিএ, ঢাকা।
ফোনঃ ০২-৪১০৩০০৪২